



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/26/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল বেকারত্ব বীমা জালিয়াতির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা ঘোষণা করলেন

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ আগস্ট মাসে 11 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রতারণামূলক বেকারত্ব বীমার পেমেন্ট সনাক্ত করেছে: এই বছরে 110 মিলিয়ন মার্কিন ডলারের বেশি চুরি করা ভাতা খুঁজে পাওয়ার জন্য সঠিক পথে রয়েছে

DOL প্রয়োজনমতো আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কাছে রিপেমেন্ট চাইবে এবং ননপেমেন্টের কথা জানাবে

নতুন জালিয়াতি সনাক্তকরণ প্রযুক্তি DOL-র চার বছরের আধুনিকায়ন প্রচেষ্টার অংশ

গভর্নর ক্যাথি হোকল আজকে বেকারত্ব বীমা (unemployment insurance, UI) জালিয়াতির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা ঘোষণা করলেন, ঘোষণাটি এলো নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের (New York State Department of Labor, NYSDOL) তদন্তে আগস্ট মাসে 11 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বীমা জালিয়াতি বের হয়ে আসার পর। এই ভাতার প্রায় পুরোটাই কেবলমাত্র তাদের দেওয়া হয়েছে যারা মহামারীর সময় কাজ করেছে এবং বেকারত্ব বীমার পেমেন্টও সংগ্রহ করেছে। শ্রম বিভাগের তদন্তের পর, গভর্নর হোকল ঘোষণা করেন যে স্টেট প্রতারণামূলক ভাতা পেমেন্টের রিপেমেন্ট চাইবে এবং ননপেমেন্টের ব্যাপারে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে জানাবে। তদন্তের উপর ভিত্তি করে, শ্রম বিভাগের বিশেষ তদন্ত অফিস (Office of Special Investigations) এই বছর 110 মিলিয়ন মার্কিন ডলার বেনিফিট প্রতারণার উন্মোচন করার সঠিক পথে রয়েছে।

"মহামারীর চূড়ান্ত সময়ে, যখন আমাদের স্টেট নজিরবিহীন বেকারত্ব সঙ্কট দেখেছে, তখন এই প্রতারণামূলক বেকারত্ব বীমার দাবি সেই নিউ ইয়র্কবাসীদের থেকে সংস্থান নিয়ে গেছে যাদের এর সবথেকে বেশি প্রয়োজন ছিলো," **গভর্নর হোকল বলেন।** "আমার প্রশাসন বেকারত্ব বীমা জালিয়াতির বিষয়ে আমাদের তদন্তের ব্যাপারে আরো জোর দিতে, যারা সিস্টেমের অন্যতম সুবিধা গ্রহণ করেছে তাদের দায়ী করতে, এবং অভাবে থাকা নিউ ইয়র্কবাসীদের জন্য এই অতি গুরুত্বপূর্ণ ভাতা রক্ষা করতে পদক্ষেপ গ্রহণ করছে।"

DOL একটি হালনাগাদ করা জালিয়াতি সনাক্ত করার সিস্টেম ব্যবহার করে প্রতারণামূলক পেমেন্ট সনাক্ত করেছে। সিস্টেমটি তদন্তকারীদের আরো কার্যকরভাবে কেস পর্যালোচনা করতে

এবং চাকরির তারিখ নিশ্চিত করতে চাকরিদাতাদের কাছে করা রেকর্ডের অনুরোধ সহজতর করে দেয়। যদি সিস্টেম একটি প্রতারণামূলক পেমেন্ট সনাক্ত করে, তাহলে যে দাবি করেছে সে এই অসঙ্গতি ব্যাখ্যা করার একটি সুযোগ পাবে।

পর্যালোচনার পর, যদি দাবিকারী ব্যক্তি ভাতা সংগ্রহের সময় কাজ করেছে বলে পাওয়া যায়, DOL সেই ভুল পন্থায় পাওয়া পেমেন্ট ফেরত নেওয়া নিশ্চিত করতে ব্যবস্থা গ্রহণ করবে। এর মধ্যে রয়েছে প্রয়োজনমতো রিপেমেণ্ট পরিকল্পনা স্থাপন করা, স্টেট এবং ফেডারেল কর রিটার্ন বিন্যস্ত করা এবং ননপেমেণ্টের ব্যাপারে স্টেট এবং/অথবা ফেডারেল আইন শৃঙ্খলা বাহিনীকে জানানো।

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "যখন কেউ একটি প্রতারণামূলক বেকারত্ব বীমা দাবি দায়ের করে, তখন তারা নিউ ইয়র্কবাসীদের থেকে চুরি করছে। ডিপার্টমেন্ট সতর্ক রয়েছে এবং এই অপরাধীদের দায়বদ্ধ করা নিশ্চিত করতে কাজ করে যাবে। আমরা ব্যবসা ও চাকরিদাতাদের জালিয়াতি উন্মোচন করার জন্য আমাদের সাথে কাজ করার জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

নতুন ব্যবস্থাটি NYSDOL-র [আধুনিকায়ন প্রচেষ্টার](#) একটি অংশ যেখানে রয়েছে গ্রাহক অভিজ্ঞতা ও জালিয়াতি হ্রাস করার জন্য 4-বছরের একটি পরিকল্পনা। জুন মাসে, গভর্নর হোকল ঘোষণা করেছিলেন যে NYSDOL এই পরিকল্পনার অর্ধেক কাজ শেষ করেছে।

NYSDOL প্রতারণামূলক UI দাবি যাতে প্রতিরোধ ও সংশোধন করা হয় তা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। UI জালিয়াতি রিপোর্ট করতে এবং আরো জানতে NYSDOL [ওয়েবসাইটের জালিয়াতি রিপোর্ট](#) পেজ ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418